চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জুলাই'২০২১খ্রি.

পরিচ্ছন্ন বিভাগের কর্মতাদের সাথে কোরবানীর পশুর বর্জ্য অপসারণের মতবিনিময় সভায় : মেয়র
কোরবানীর বর্জ্য পরিষ্কারে চসিকের পূর্বের সুনাম অক্ষন্ন রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, বিগত বছরগুলোতে কোরবানীর পশুর বর্জ্য অপসারণের সুনাম চসিকের রয়েছে। আপনাদের সকলের আন্তরিকতার কারণে এই সুনাম অর্জিত হয়েছে। আমি চাই এর ধারাবাহিকতা বজায় থাকুক। কোরবানীর পশু জবাইয়ের পর ৮ থেকে ১০ ঘন্টার মধ্যে বর্জ্য অপসারণের লক্ষ নিয়ে কাজ করতে হবে। এতে পর্যাপ্ত জনবল, ওয়াকি টকি, গাড়ি, কন্টেইনার মোভার ও টমটম গাড়িসহ যা-যা প্রয়োজন সবধরণের প্রস্তুতি ইতোমধ্যে রাখা হয়েছে। এ বিষয়ে কোন অযুহাত আমি শুনবনা। আজ শনিবার বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পুরাতন নগর ভবনের কে.বি আবদুচ সাত্তার মিলনায়তনে চসিকের পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় তিনি একথা বলেন।
চসিক বর্জ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলী সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, মো. শফিকুল ইসলাম, হাসান মুরাদ বিপ্লব, আবদুল বারেক, অধ্যাপক মো. ইসমাইল, মো. মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, এসরারুল হক, মো. ইলিয়াছ, ও চসিক উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী।
মেয়র বলেন, নগরীর কোন মহল্লায় কতো পশু জবাই হচ্ছে তার সঠিক তথ্য সংগ্রহ করে সে অনুপাতে পরিচ্ছন্ন কর্মীদের ভাগ করা হবে। ডোর টু ডোর কর্মীগণ দ্রুততার সাথে জবাইকৃত পশুর ময়লা-আবর্জনা খড়কুটাসহ সংগ্রহ করে রক্ত ধুয়ে ব্লিচিং পাউডার ছিটিয়ে দিবে যাতে পরিবেশ দুর্গন্ধমুক্ত থাকে। এ বিষয়ে ওয়ার্ড কাউন্সিলরসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে। তিনি আরো বলেন, দ্রুত বর্জ্য অপসারণের লক্ষ্যে ঈদের দিন চসিক দামপাড়া অফিসে একটি কন্ট্রোল রুম খোলা থাকবে। যার নম্বর ৬৩০৭৩৯ ও ৬৩৩৬৪৯। নগরীর কোথাও ময়লা-আবর্জনা পড়ে থাকতে দেখলে কন্ট্রোল রুমে জানালে দ্রুত তা অপসারণ করা হবে। মেয়র জবাইকৃত পশুর চামড়া বিক্রি না হলে তা যত্রতত্র ফেলে না রেখে প্রত্যেক মহল্লায় নির্দিষ্ট একটি স্থানে রাখার আহ্বানও জানান।

পরিস্থিতি মোকাবেলায় সরকার সামর্তের
সকল শক্তি উজার করে দিতে প্রস্তুত-মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, লকডাউন চলাকালীন সময়ে নিম্ন আয়ের মানুষ নিদারুণ কষ্ট পাচ্ছিল। এই কষ্ট লাঘবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে কিছু ত্রাণসহ নগদ অর্থ বিপন্ন পরিবারগুলোর কাছে পৌঁছে দিয়ে জানান দিতে চাই- এই সরকার নিত্যদিন ও সবসময় পাশে থাকবে। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের ছোবলে সারা বিশ্বে যখন মৃত্যু ও সংক্রমণের হারের উর্ধগতি সেই বিবেচনায় বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি তুলনামূলকভাবে ভালো ও নিয়ন্ত্রণ যোগ্য। তারপরও অবনতিশীল পরিস্থিতি মোকাবেলায় সরকার সামর্থ্যের সকল শক্তি উজার করে দিতে প্রস্তুত। তিনি আজ শনিবার ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের হামজারবাগ রহমানিয়া স্কুল মিলনায়তনে কোভিড-১৯ এর অভিঘাতে কর্মহীন হয়ে পড়া বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে নগদ অর্থ ও খাদ্য সহায়তা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। বর্জ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি মো. মোবারক আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত উপহার বিতরণ সভায় বক্তব্য রাখেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম।
মেয়র আরো বলেন চসিক একটি সেবামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান। সেবার পরিধি বাড়াতে হলে অর্থের প্রয়োজন। তাই বলে নগরবাসীর উপর নতুন করে কর আরোপের প্রয়োজন পড়বে না। অথচ গৃহকর বাড়ানো হবে বলে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। বর্ধিত কোন গৃহকর ধার্য হবে না। তবে করের পরিধি বাড়বে বলে তিনি জানান।

প্রধানমন্ত্রীর উপহার প্রদানকালে মেয়র
স্বাস্থ্যবিধি উপেক্ষা করা আত্মঘাতীর সামিল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পবিত্র ঈদ-উল-আযহাকে সামনে রেখে ধর্মীয় অনুভূতির প্রতি সম্মান ও কোরবানীর পশু কেনা-বেচাকে আমলে এনে সরকার করোনা সংক্রমণের উর্ধ্বগতি সত্ত্বেও লকডাউন আপাতত ২২ জুলাই পর্যন্ত শিথিল করেছে। এই শিথিলতা মানে কোনভাবে স্বাস্থ্যবিধি উপেক্ষা করা নয়? স্বাস্থ্যবিধি উপেক্ষা করা জনস্বাস্থ্য নিরপত্তার ক্ষেত্রে হুমকী স্বরূপ। সাধারণ মানুষ ও নাগরিক সমাজ বোধ-বিচারহীন চলাফেরা আত্মঘাতীর সামিল। এই প্রবণতা মহা বিপর্যয় ডেকে আনলে সরকার বা প্রশাসন নয় তার দায় প্রত্যেকেই বহন করতে হবে। তিনি আজ শনিবার সকালে ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডস্থ লালদিঘী পার্ক চত্ত্বরে প্রধানমন্ত্রীর উপহার আর্থিক সহায়তা প্রদানকালে এ কথা বলেন। কাউন্সিলর জহুর লাল হাজারীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেনগুপ্ত, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম। মেয়র

আরো বলেন, করোনা কালের সংক্রমণের উর্ধ্বগতি সত্যিই উদ্বেগজনক। সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সাধ্যাতীত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এক্ষেত্রে পরিস্থিতিগত কারণে যারা কর্মচ্যুত হয়েছে সরকার তাদের পাশে আছে এবং চসিকও পাশে থাকবে।

আলকরণ ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
অবনতিশীল পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে চলা অপরিহার্য

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের ছোবলে সারা বিশ্ব যখন মৃত্যু ও সংক্রমণ হার উর্ধ্বমুখীতে সে অবস্থায় বাংলাদেশের সামগ্রিক পরিস্থিতি তুলনামূলক ভালো। তবে এই অবস্থা ধরে রাখা যাচ্ছে না জনগণের অসেচতনার কারণে। পরিস্থিতি অবনতিশীল হচ্ছে তা মোকাবেলায় স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলা ছাড়া আর কোন বিকল্প নেই। তিনি আজ শনিবার ৩১নং আলকরণ ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে এ কথা বলেন। কাউন্সিলর আবদুস সালাম মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মসূচীতে বক্তব্য রাখেন মহানগর আওয়ামী বন ও পরিবেশ সম্পাদক মশিউর রহমান, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নীলু নাগ, রহুল আমিন, মো. ইসহাক, নুরুল কবীর, শওকত ওসমান, ফজলুল হক প্রমুখ।

পূর্ব মাদরবাড়ি ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে মেয়র
স্বাস্থ্যবিধি মেনে নিজেকে ও অপরকে সুরক্ষা করুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দুযোর্গ ও মহামারী মোকাবেলায় সরকারি সহায়তা ও প্রণোদনার পাশাপাশি বে-সরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তিকে সামাজিক উদ্যোগ নিয়ে এগিয়ে আসতে হবে। তিনি আজ শনিবার বিকেলে পূর্ব মাদারবাড়ি ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার বিতরণকালে এ কথা বলেন। কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মসূচীতে বক্তব্য রাখেন ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি জহির আহমদ, সাধারণ সম্পাদক সালাউদ্দীন, দেওয়ান মাকসুদ আহমদ, মুজিবুল হক পেয়ারু প্রমুখ। তিনি স্বাস্থ্যবিধি মেনে চলে নিজে ও অপরের সুরক্ষা নিশ্চিতের আহ্বান জানান।

চসিকের নির্ধারিত স্থানে কোরবানীর পুশু জবাইয়ের আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পক্ষে নগবাসীর জ্ঞাতার্থে আসন্ন কোরবানীর নাড়িভূড়ি ও বর্জ্য দ্রুত সময়ের মধ্যে অপসারণের সুবিধার্থে ৪১টি ওয়ার্ডের নির্ধারিত স্থানে কোরবানি পশু জবাইয়ের জন্য জনসাধারণকে অনুরোধ জানানো যাচ্ছে। নিম্নে ওয়ার্ডওয়ারী পশু জবাইয়ের স্থান নগরবাসীর অবগতির জন্য উল্লেখ করা হলো। ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড - দক্ষিণ পাহাড়তলী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ, রেসিডেন্সিয়াল স্কুল মাঠ, জেলা পরিষদ মাঠ, ফতেয়াবাদ কলেজ মাঠ, বালুর টাল (ফেতেয়াবাদ বালিকা বিদ্যালয়ে উত্তর পার্শ্বে), আম্বিয়া কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় মাঠ, সন্দীপ কলোনী খেলার মাঠ। ০২নং জালালাবাদ ওয়ার্ড-শেরশাহ্ কলোনী ঈদগাঁহ্ মাঠ, আলী হোসেন ইষ্টাঃ একাডেমি স্কুল, বালুছড়া প্রাইমারী স্কুল মাঠ। ০৩নং পাঁচলাইশ ওয়ার্ড- ভোলাগঞ্জ টেম্পু ষ্টেশন মোড়, পাঁচলাইশ মেইন রোডের শেষ মাথা, ওয়াজেদীয়া উচ্চ বিদ্যালয় স্কুল মাঠ, ওয়াজেদীয়া সিদ্দিক খান বাড়ির মাঠ,বাহারউদ্দিন খান সড়ক, শহীদ নগর শফি কমিশনার বাড়ির সামনের মাঠ, তৈয়বিয়া সড়ক, আশেকানে আউলিয়া মাদ্রাসার মাঠ হাজিপাড়া, পূর্ব জাহানপুর তিন রাস্তার মোড়, জাহানপুর সড়ক, হাজীরপুল ঈদগাঁ ময়দান, কমিশনার লিয়াকত আলীর বাড়ির সামনের মাঠ,নাজিরাবাদ সড়ক। ০৪নং চান্দগাও ওয়ার্ড-দারুল মা আরিফ মাদ্রাসা মাঠ, চাঁনমিয়া রোড, চান্দগাঁও আবাসিক এলাকা বি-ব্লক মাঠ, গোলাম আলী নাজির বাড়ি মসজিদ মাঠ, পাঠানয়াি গোদা রোড, এন.এম.সি স্কুল মাঠ,খাজা রোড, আল আমিন বাড়িয়া মাদ্রাসা মাঠ, আরকান রোড, বালুরটাল, সিএন্ডবি, আরাকান রোড, খাজা রোড এন.এম সি স্কুল সংলগ্ন খাজা রোড। ০৫নং মোহরা ওয়ার্ড-হামিদচর মাদ্রাসার মাঠ,হামিদচর রাস্তা, চররাঙ্গাঁমাটিয়া সঃ প্রাঃ বিঃ মাঠ, মির্জা আহমদ ইস্পাহানী জামে মসজিদ মাঠ, এ.এল খান উচ্চ বিদ্যালয় মাঠ, এ.এল স্কুল রাস্তা মধ্যম মোহরা, পশ্চিম মোহরা সঃ প্রাঃ বিঃ মাঠ, পশ্চিম মোহরা রাস্তা, সি. ডি.এ বালিকা বিদ্যালয় ও কলেজ মাঠ,কাপ্তাই রাস্তার মাথা, মোহরা ওয়াসা প্রজেক্ট মাঠ, মধ্যম মোহরা ওয়াসা রোড, তাজ মাজির মজিদ মাঠ উত্তর মোহরা সড়ক, পূর্ব মোহরা সঃ প্রাঃ বিদ্যালয় মাঠ, পূর্ব মোহরা সড়ক , পাঠানপাড়া সঃ প্রাঃ বিঃ মাঠ,পাঠানপাড়া রোড। ০৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড - হাসান প্রাইমারী স্কুল ময়দান, ওমর আলী মাতবর রোড, শাহ আমানত সংযোগ সড়ক করমপাড়া মোড়, শাহ আমানত সংযোগ সড়ক রাহাত্তার পোল মোড়, খালাশিয়া পুকুর পাড় খাজা রোড, কে.বি আমান আলী রোড বড় কবরস্থান মোড়। ০৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ড - মোহম্মদপুর আফজাল মসজিদ সংলগ্ন মাঠ, নাজিরপাড়া সুন্নিয়া জামেয়া আহমদিয়া মাদ্রাসা মাঠ, হামজারবাগ শাহজাহান আ/এ প্রধান রাসত্মা, মোহম্মদনগর আ/এ গোলচত্বর, রৌফাবাদ কলোনী মাজার সংলগ্ন চত্বর, হিলভিউ স্কুল মাঠ, বার্মা কলোনী জহুর আহমদ চৌধুরী সিটি, জাঙ্গালপাড়া চত্বর, হামজা খাঁ লেন সাদিয়া ভবন চত্বর, বিবিরহাট পশ্চিম পাড়া সলিমুল্লাহ শাহ মাজার চত্বর, হামজার কলোনী জুলমান শাহ মসজিদ চত্বর, হামজারবাগ উত্তরণ যুব গোষ্ঠী মাঠ। ০৮নং ষোলকবহর ওয়ার্ড-নাছিরাবাদ সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নাছিরাবাদ উচ্চ বালিকা বিদ্যালয়, বন গবেষণাগার ইনষ্টিটিউট, পলিটেকনিক্যাল মাঠ, মুকবুল সওদাগর প্রাথমিক বিদ্যালয়, ওমর গণি এম.ই.এস কলেজ মাঠ, নাসিরাবাদ সি.এন্ড বি কলোনী, ষোলশহর টি.এন্ড.টি মাঠ, ষোলশহর ষ্টেশন মাঠ, শুলকবহর কাশেম উলুম মাদ্রাসা, নাছিরাবাদ সোসাইটি মাঠ।০৯নং পাহাড়তলী ওয়ার্ড -নোয়াপাড়া, সিডিএ মার্কেট দুলালাবাদ, আঃ আলী নগর, ফকির তালুক, ফয়েজ লেক লেকভ্যালী, রোজভ্যালী আ/এ, শহীদ লেইন, নিউ শহীদ লেইন, আকবরশাহ আ/এ, পশ্চিম ফিরোজশাহ, গোল পাহাড়, জনতা কলোনী মালিপাড়া, পূর্ব ফিরোজশাহ ০১, ০২, ০৩, ঝিল, নাছিয়া ঘোনা, বিশ্ব কলোনী, জিয়া নগর, বিজয় নগর, হারবাতলী, বিশ্ব কলোনী বি ব্লক, জানারখিল, শাপলা আ/এ, ঈগলস্টার, শান্তি নগর, ছড়ার পাড়, ব্লক জি/এইচ। ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড-বিশ্বাসপাড়া জামে মসজিদ মাঠ, প্রভাতী স্কুল মাঠ, কমিউনিটি সেন্টার মোড়/ কর্নেল জোন্স রোড, মুন্সিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, কর্নেল জোন্স রোড বাই লেন, কুতুববাড়ি জামে মসজিদ মাঠ প্রাঙ্গণ, মোস্তফা হাকিম কলেজ মাঠ প্রাঙ্গণ, হজরত মঈনুদ্দিন (র.) এর মাজার সংলগ্ন রোড, নতুন মনছুরাবাদ জামে মসজিদ সংলগ্ন স্কুল মাঠ/ কৈবল্যধাম হয়ে বাই লেন, শাহের পাড়া এবাদত খানা রোড/ কর্নেলহাট বাজার, আমানত উল্লাহ্ শাহ পাড়া রোড সংলগ্ন মোড়/ সুলতান চেয়ারম্যানের নতুন বাড়ি রোড, উত্তর সরাইপাড়া জামে মসজিদ-সাগরিকা মোড়। ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড- বি.ডি.আর মাঠ, ফইল্যাতলী বাজার ওয়ার্ড অফিস, শাপলা আ/এ, কাজির দিঘীর পাড়, বিটাপের সামনে, হোসেন

চৌধুরীর বাড়ী, মুরগী ফার্ম, গ্রীণভিউ আ/এ, কলেজ রোড, ফৌজদার পাড়া, দক্ষিণ কাট্টলী সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ, উত্তর সরাইপাড়া কাউন্সিলরের বাড়ীর সামনের মাঠ, বহুরুপি মাঠ এ-ব্লক, শ্যামলী আ/এ, আবদুর পাড়া স্কুল মাঠ, পাঠান পাড়া স্কুল মাঠ। ১২নং সরাইপাড়া ওয়ার্ড -দক্ষিণ পাহাড়তলী ঝর্ণাপাড়া খেলার মাঠ, বাচা মিয়া রোড ছাবের আহমদ সওদাগর মাঠ, পদ্মপুকুর পাড়, শান্ত পুকুর পাড়, এবতেদায়ী মাদ্রাসা। ১৩নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড -ময়না মাঠ, শাহজাহান মাঠ, সৃজণী মাঠ। ১৪নং লালখাঁন বাজার ওয়ার্ড-চাঁনমারী রোড কাঁচা বাজার, শেখ রাসেল প্রাথমিক বিদ্যালয় মাঠ, শহীদ নগর সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় মাঠ, বাঘঘোনা ও চাঁনমারী রোড সংযোগ স্থল চত্ত¡র, নিউ টাইগার পাস সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ। ১৫নং বাগমনিরাম ওয়ার্ড-মেহেদীবাগ সিডিএ কলোনীর মাঠ, মেহেদীবাগ সরকারি কলোনীর মাঠ, বাংলাদেশ মহিলা সমিতি স্কুল মাঠ (কিন্ডার গার্টেন স্কুল), জমিয়াতুল ফালাহ মসজিদ সংলগ্ন মাঠ (প‚র্ব পাশে), পলোগ্রাউন্ড রেলওয়ে কলোনী সংলগ্ন মাঠ পলোগ্রাউন্ড রোড। ১৬নং চকবাজার ওয়ার্ড-নবাব আলি বেগ খাঁ জামে মসজিদ মোড়, চট্টগ্রাম কলেজের পশ্চিম হোস্টেল গেইট সংলগ্ন সড়ক, গণি বেকারীর মোড়, চন্দনপুরা বড় মসজিদ সংলগ্ন সড়ক, চকবাজার ধ‚পির পোল এর পশ্চিম পার্শ্ব সংলগ্ন সড়ক, কাতালগঞ্জ সড়কস্থ সার্জিস্কোপ (১) হাসপাতাল সংলগ্ন সড়ক, পাঁচলাইশ আ/এ জাতিসংঘ পার্কের চতুপার্শ্বে, কাপাসগোলা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় সংলগ্ন সড়ক, চট্টেশ্বরী রোড গাজী শাহ মাজার মসজিদ সংলগ্ন সড়ক। ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড- কমার্সিয়াল কলেজ মাঠ, বাকলিয়া ল্যাবরেটরী স্কুল মাঠ, মদিনা মসজিদ সংলগ্ন মাঠ, চাঁন মিয়া মুন্সী লেইন, আফগান মসজিদ। ১৮নং প‚র্ব বাকলিয়া ওয়ার্ড-আব্দুল বারী সরকারি প্রথমিক বিদ্যালয় মাঠ, মিয়াখাঁন নগর রোড, কালামিয়া বাজার, কল্পলোক আবাসিক এলাকা মাঠ, শাহ আমানত সংযোগ সড়ক, কামালে ইশকে মোস্তফা (স.) কমপ্লেক্স মাঠ, শাহ আমানত সংযোগ সড়ক, কালামিয়া বাজার বিশ্ব রোড পরিত্যক্ত মাঠ, শাহ আমানত সংযোগ সড়ক, হাজী চাঁন্দ গাজী জামে মসজিদ মাঠ মিয়াখাঁন রোড, দারুল আমান আবাসিক এলাকা মিয়াখান রোড, সুজার মার জামে মসজিদ, চেয়ারম্যান ঘাটা, আশরাফিয়া হাউজিং সোসাইটি মাঠ ডেপুটি রোড, চুন্নু শাহ মাজার মাঠ কমিশনার পাড়া, হাজী আব্দুল মান্নান সওঃ সঃ প্রাঃ বিদ্যালয় মাঠ, কে.বি আমান আলী রোড, ওয়াইজারপাড়া, জিলানী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ, হামিদ উল্লাহ্ জামে মসজিদ মাঠ, সানোয়ারা উচ্চ বিদ্যালয় মাঠ আজিম রোড বলিরহাট, বলিরহাট বাজার মাঠ, খাজা রোড, বলিরহাট। ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড-চর চাক্তাই স্কুল মাঠ, হাজী মনছুর আলী রোড, মিয়াখাঁন নগর মোজাহেরুল উলুম মাদ্রাসা মাঠ মিয়াখাঁন রোড, বউ বাজার দঃ পঃ বাকলিয়া স্কুল মাঠ কাজেম আলী রোড, নয়া মসজিদ আমির ফোরকানিয়া মাদ্রাসা মাঠ, আবু জাফর রোড, বেলাখাঁন রোডস্থ রহমানিয়া স্কুল মাঠ বেলাখাঁন রোড। ২০নং দেওয়ান বাজার ওয়ার্ড-সি এন্ড বি কলোনীর মাঠ দিদার মার্কেট, ন‚র মোঃ সওদাগর এর মাঠ বলুয়ার দিঘীর পাড়, সমবায় কলোনী মাঠ, নবাব সিরাজদ্দৌলা রোড, খলিফাপট্টি মাঠ, কাজেম আলী বাই লেইন, হাবিব ম্যানসনের মাঠ, কোরবানীগঞ্জ। ২১নং জামালখাঁন ওয়ার্ড- শতদল ক্লাব প্রাঙ্গণ খোলা মাঠ আসকার দিঘীর পাড়, লোকপ্রশাসন প্রঙ্গণ খোলা মাঠ লাভ লেন, ন্যাশনাল প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণ খেলার মাঠ লাভ লেন, শাহ্ ওয়ালী উলস্নাহ্ ইনস্টিটিউট প্রাঙ্গণ খেলার মাঠ জামালখাঁন রোড, শিশুবাগ স্কুল প্রাঙ্গণ খেলার মাঠ রহমতগঞ্জ, সি.এন্ড.বি কলোনী প্রাঙ্গণ খেলার মাঠ, পুলিশ বিট প্রাঙ্গণ, পরিত্যক্ত জমি রহমতগঞ্জ। ২২নং এনায়েত বাজার ওয়ার্ড-পাখি সওঃ বাড়ী, ৭৭. বাটালী রোড হতে রেলওয়ে হাসপাতাল কলোনী রোড রাস্তার ডান পাশ হয়ে হামদর্দ ভিলার উভয় পাশ হয়ে হরিধন মন্দির বাড়ী হয়ে বাটালী রোড প্রধান সড়কের ডান পাশ হয়ে পাখি সওঃ বাড়ী পর্যন্ত, ফরিদা মাষ্টারের বাড়ী, বাটালী রোড রাস্তার বাম পাশ হয়ে এনায়েত বাজার মসজিদ হয়ে জুবিলী রোড রাস্তার বাম পাশ হয়ে গোয়াল পাড়ার মুখ সাবেক কাউন্সিলর মালেক সাহেবের পুরাতন বাড়ী হয়ে গোয়াল পাড়া রাস্তার বাম পাশে হয়ে জালাল উকিলের বাড়ী হয়ে ইসমাইল মনুর বিল্ডিং হয়ে বাটালী এ্যাপার্টমেন্ট হয়ে নুর মোহাম্মদ হাফেজের বাড়ী হয়ে ডায়াবেটিক হাসপাতাল পর্যন্ত, গোয়ালপাড়ার মুখ হয়ে জুবিলী রোড রাস্তার বাম পাশ হয়ে ক্রাইচ চার্চের মুখ হয়ে নৌবাহিনীর কলোনী হয়ে ফ্লাগ ষ্টাফ হাউজ হয়ে আউটার ষ্টেডিয়ামের প্রধান গেইট হয়ে দক্ষিণ গেইট হয়ে বিদ্যুৎ অফিস হয়ে ফ্লাগ ষ্টাফ হাউজ, সি এন জি পেট্রোল পাম্প হতে সি আর বি রোড রাস্তার ডান পাশ হয়ে পুলিশ ফাঁড়ি হয়ে সাত রাস্তার মুখ হয়ে রেলওয়ে হাসপাতাল কলোনী রাস্তার উভয় পাশ হয়ে অনিন্দ্য ক্লাব হয়ে বাটালী রোডের ডান পাশ হয়ে বি.আর.টি.সি হয়ে কদমতলী উপরের মোড়, রেলওয়ে হাসপাতাল কলোনী আলমগীর দোকান হতে ডান পাশ হয়ে শহীদ মিনার হয়ে সাত রাস্তার মোড় ডান পাশ হয়ে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়েরর পাশ হয়ে স্টেডিয়ামের দক্ষিণ গেইট পর্যন্ত। ডান পাশে রাস্তার উভয় দিক দিয়ে তুলাতলী বস্তি হয়ে গোয়ালপাড়া বাজার হয়ে শুকতারা মুক্ত স্কাউট ক্লাব হয়ে ভান্ডার কলোনীর মুখের উভয় পাশ হয়ে শহীদ মিনার হয়ে রাস্তার বাম পাশ হয়ে আলমগীরের দোকান পর্যন্ত, বি.আর.টি.সি বট গাছ হতে বাটালী রোড ডান পাশ হয়ে এনায়েত বাজার মোড়, এনায়েত বাজার মোড় হতে তিন পোলে মাথা পর্যন্ত (পশ্চিম পাশ), তিন পোলের মাথা থেকে রেয়াজউদ্দীন রোডের ডান পাশ হয়ে বি.আর.টি.সি বট গাছ পর্যন্ত, সৈয়দ আহমদ চৌধুরী লেইন হয়ে জুবলী রোড এনায়েত বাজার মোড় চৌং মেশিনারী মার্কেট হয়ে রাণীর দিঘীর চারপাশ, এনায়েত বাজার রোডের ডান পাশ, রাণীর দিঘীর কর্ণার ফরিদের বাড়ী হইতে রাস্তার ডান পাশ হয়ে বৌদ্ধ মন্দিরের ডান পাশ হয়ে বাবর আলীর গলির মুখ হয়ে পাহাড়িকা স্কুল পর্যন্ত, নন্দনকানন ১নং গলির রাস্তার উভয় পাশ হয়ে সফি চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত, এনায়েত বাজার রোডের ডান পাশে আমিন কলোনীর মুখ হয়ে খালেক সাহেবের বাড়ী, হারুণ বিল্ডিং, ডাঃ মাহমুদুল হকের বাড়ী, বাকী সওঃ বাড়ী, ইউনুস খানের বাড়ী, আকরাম উল্যার বাড়ী, আলী আহম্মদ সওঃ বাড়ী, ডাঃ রোকেয়ার বাড়ী, শের মোহাম্মদের বাড়ী হয়ে রফিক খানের বাড়ী হয়ে লাভ লেইনের মোড় পর্যন্ত রাস্তার ডান পাশ সম্প‚র্ণ, লাভ লেইনের ডান পাশে গফুর ম্যানসন হইতে রাস্তার ডান পাশ হয়ে শামসুল হকের বাড়ী, আনন্দ ক্লাব গলি, রেদোয়ান সাঈদীর বাড়ী হয়ে লাভ লেইনের মোড় আপনালয়, কল্যানী এপার্টমেন্ট হয়ে ভিতরের গলি হয়ে মহিলা কলেজ হয়ে সালে মাদানীর বাড়ী হয়ে রাশেদ আজগরের বাড়ী পর্যন্ত রাস্তার ডান পাশ সম্প‚র্ণ, বৌদ্ধ মন্দির রোডস্থ নন্দন কানন ২নং গলির উভয় পাশ, গোলাপ সিং লেইন সম্প‚র্ণ হয়ে মেমন গ্রামার স্কুলের গলি সম্প‚র্ণ, বৌদ্ধ মন্দির রোডস্থ নন্দনকানন ৩নং গলির মুখ হয়ে রাস্তার ডান পাশে ফটিকছড়ি বোর্ডিং হয়ে রথের পুকুর পাড় গলির মুখ হয়ে রাস্তার ডান পাশে জে.সি.গুহ রোড হয়ে তমিজ মার্কেট হয়ে নন্দনকানন ৩নং গলির মুখ হয়ে ভেতরের উভয় পাশ হয়ে পুলিশ বিট পর্যন্ত রাস্তার নিচের উভয় পাশ সম্প‚র্ণ এলাকা। ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড- খাঁনবাড়ীর সামনের মাঠ, পোস্তারপাড় মসজিদের সামনে, দেওয়ানহাট বড় বাড়ীর মাঠ ও দিঘীর পাড়, রেল গেইট, পশ্চিম সুপারী ওয়ালা পাড়ার মাঠ, নাজিরপুল ডাঃ একরামুল হকের মাঠ। ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড- মৌলভী পাড়া, হাজী পাড়া, বেপারীপাড়া, চারিয়া পাড়া, পানওয়ালাপাড়া, দাইয়াপাড়া (আংশিক), আসকারাবাদ, মিস্ত্রিপাড়া, চাড়িয়া পাড়া, মৌলভী পাড়া (আংশিক), মৌলভীপাড়া, হাজী পাড়া, দাইয়াপাড়া, বেপারীপাড়া, শান্তিবাগ, হালিশহর হাউজিং সোসাইটি (কে ওএ ল ব্লক) আনন্দীপুর (আংশিক) , আসকারাবাদ, মনসুরাবাদ, পি.ডি.বি কলোনী (আংশিক), শান্তিবাগ, আগ্রাবাদ হাউজিং শ্যামলী, রমনা, রঙ্গিপাড়া, মুন্সিপাড়া। ২৫নং রামপুর ওয়ার্ড- ঈদগাঁ বালিকা স্কুল মাঠ প্রাঙ্গন, নছু ফকির মাজার মাঠ সংলগ্ন মাঠ ধোয়া পাড়া, কালা মিয়া মুন্সী বাড়ীর উঠান প‚র্ব রামপুর, ঈদগাঁ বড়পুকুর এর দক্ষিণ পাড়, কারবালার মাঠ প‚র্ব রামপুর, বৈশাখী খেলার মাঠ মধ্যম রামপুর, ধোয়া পাড়া, চার রাস্তার মোড়, ইসহাক চেয়ারম্যানের বাড়ীর সামনে, যুবকল্যান সংঘের সামনে মধ্যম রামপুর, সবুজবাগের রাস্তার মোড়, ইউসুফ সওদাগরের বাড়ীর সামনে উঠান সবুজবাগ, জি-ব্লক গোল চত্বর,

এইচ ব্লক মসজিদের সামনে বড়মাঠ। ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড- বি-ব্লক ঈদগাঁহ মাঠ রোড সংলগ্ন, উত্তর হালিশহর গলাচিপা পাড়া ছাবের হাজীর বাড়ী, উত্তর হালিশহর গরীবুল্লাহ খন্দকার জামে মসজিদ সংলগ্ন সড়ক, উত্তর হালিশহর গলাচিপা পাড়া সাবেক কমিশনার ডাঃ ইদ্রিস বাড়ী সংলগ্ন সড়ক, ফুল চৌধুরী পাড়া আইয়ুব আলী মেম্বার বাড়ী হইতে লোহাড় পোল পর্যন্ত প্রধান সড়ক, আববাস পাড়া মাদানী মসজিদ হইতে কালা চাঁন্দের বাড়ী মোড় পর্যন্ত প্রধান সড়ক, চৌধুরী পাড়া রাজা মিয়া বাড়ী হইতে চৌধুরী পাড়া বাজার সংলগ্ন প্রধান সড়ক, চৌধুরী পাড়া অছি মিয়া চৌঃ বাড়ী ও মোজাহেরুল হক চেয়ারম্যানের বাড়ী সংলগ্ন সড়ক, মোল্লা পাড়া জামে মসজিদ ও নিয়াজের বাড়ী পর্যন্ত প্রধান সড়ক সংলগ্ন, পাঁচঘর পাড়া প্রধান সড়ক, এম.এ. আজিজ বাড়ী সংলগ্ন হালিশহর রোড, নতুন পাড়া বজল পীর সাহেবের গলি ও ব্যারিস্টার প্রকল্প সংলগ্ন সড়ক, মইন্যাপাড়া জামে মসজিদ হইতে শুক্কুর মেম্বার এর বাড়ী সংলগ্ন প্রধান সড়ক, সুন্দরীপাড়া জামে মসজিদ ও সাবেক কাউন্সিলর মোঃ হোসেন সাহেবের বাড়ী এবং বড় বাড়ীর প্রধান সড়ক, প,র্ব সুন্দরী পাড়া জামে মসজিদ হইতে সমাজের সভাপতি নজরুল ইসলাম মানিক এর বাড়ী সংলগ্ন প্রধান সড়ক। ২৭নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড- সিডিএ আ/এ, ১নং রোডস্থ বালির মাঠ, কর্ণফুলী শিশু পার্ক সংলগ্ন জাম্বুরী মাঠ, বেপারী পাড়াস্থ তালেবিয়া স্কুল মাঠ, সি.জি.এস. কলোনীস্থ খেলার মাঠ, ছোটপুল নজীর ভান্ডার দরবার শরীফ মাঠ। ২৮নং পাঠানটুলী ওয়ার্ড- রশিদ বিল্ডিং চত্বর, আমীর হোসেন দোভাষ সড়ক, সাবেক ডিটি লেন, মাতববর জামে মসজিদ কমার্স কলেজ রোড মোগলটুলী, মতিয়ারপুল এয়ার আলী জামে মসজিদ সংলগ্ন, কমার্স কলেজ রোড,মতিয়ারপুল, নজির ভান্ডার গেট, দামুয়া পুকুরপাড় জামে মসজিদ, ছালেহ আহম্মদ চেয়ারম্যান লেন। ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড- পোর্ট সিটি আবাসিক মাঠ ডি.টি রোড, রাহাত সেন্টার সম্মুখের জায়গা ডিটি রোড, মাদারবাড়ি রেল গেটের সম্মুস্থ উত্তর পাশে কথিত ভ,মি, রাহাত সেন্টার হতে জেনুইন বেকারির মোড় পর্যন্ত, ডিটি লেন পলাশীর মোড় হতে পানির টাঙ্কী পর্যন্ত, ২ নং গলির মুখ হতে যুগীচাঁদ মসজিদ পর্যন্ত, ১নং গলির হতে বড়ই গাছতলা ও লেংটা ফকির পর্যন্ত লেন, মরিচ ওয়ালা পাড়া হতে বাদশা মিয়ার বাড়ি পর্যন্ত। ৩০নং প,র্ব মাদারবাড়ী ওয়ার্ড- চট্টগ্রাম কলেজিয়েট স্কুল খেলার মাঠ, মহিলা সিটি স্কুল খেলার মাঠ, সদরঘাট রোড (মোড়) বন্দর মাঠ, নজিম উদ্দীনের মাঠ (মাদ্রাসা সংলগ্ন), জাফর কমিশনার গলি, আইয়ুব খানের মাঠ, হাছনি ওয়েল মিল প্রাঙ্গন। ৩১নং আলকরণ ওয়ার্ড- বটতলী পুরাতন রেল স্টেশন মাঠ/চত্বর, শেঠ পাড়া, শেঠ বাড়ী গোল চত্বর, মনোহর খালী বন্দর কলোনী।৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড- কদম মোবারক মসজিদ মাঠ, এম.ই.এস স্কুলের মাঠ, লালদিঘীর মাঠ, আমানত শাহ মাজার, বদর শাহ মাজার, মুসলিম স্কুল মাঠ। ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড-ডাঃ জাকির হোসেন হোমওপ্যাথিক কলেজ মাঠ, ফিরিঙ্গী বাজার কসাইখানা (জলদা), আবু তাহের পুতুর মাঠ। ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড-সিএন্ডবি মাঠ, নজু মিয়া লেইন মসজিদের সামনে, ইকবাল রোড, জলিলগঞ্জ, শেখপাড়া, শুটকি পট্টি, আশরাফ আলী রোড, ইসলাম কলোনী, বান্ডেল রোড, বংশল রোড, গুর্খা ডাঃ লেইন। ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড-নবন,র মসজিদ সংলগ্ন খালি জায়গা, রাজাখালী অছি মিয়া রোডে মুসলিম বেকারীর সামনে খালি জায়গা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বাকলিয়া স্টেডিয়াম নোমান কলেজ রোড, আমিনুর রহমান রোড, নেয়ামত জববার স্বাস্থ্য কেন্দ্র মাঠ, রামজয় মহাজন লেইন, ছোবহান সওঃ রোড, বাদশা মিয়া জামে মসজিদ, বিশ্বরোডের প,র্ব পার্শ্বে খালি জায়গা। ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড-মধ্যম গোসাইলডাঙ্গা বারিক মিয়া স্কুল মাঠ মৌলভী আহম্মদ রোড, মধ্যম গোসাইলডাঙ্গা মৌলভী আহম্মদ উল্লাহ রোড চত্বর, দেওয়ান আলী সও: বাড়ী মাঠ মধ্যম গোসাইলডাঙ্গা, বন্দর হাইস্কুল ও কলেজ মাঠ, পোর্টকানেক্টিং রোড, পশ্চিম নিমতলা মুকবুলিয়া স্কুল। ৩৭নং হালিশহর মুনিরনগর ওয়ার্ড-আনন্দবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ,হালিশহর আনন্দবাজার আকবর থানাদার রোড, মুন্সিপাড়া সরকারি প্রাঃ বিদ্যালয় মাঠ, মুন্সিপাড়া আব্দুল লতিফ সড়ক, ফাতেমা বেগম সরকারি প্রাঃ বিদ্যালয় মাঠ, জামালখান পাড়া আব্দুল লতিফ সড়ক, ইষ্ট কলোনী মোহম্মদীয়া মাদ্রাসা মাঠ, পোর্ট কলোনী মসজিদ সংলগ্ন মাঠ। ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড-সিসিসি আহমদ মিয়া বালিকা উচ্চবিদ্যালয় মাঠ, বায়তুল আমান জামে মসজিদ সংলগ্ন ময়দান,খালেক সওদাগর রোড, বেগমজান উচ্চ বিদ্যালয় সংলগ্ন মাঠ, স্ট্যান্ড রোড বাইলেন, নিশ্চিন্তা পাড়া স্কুল (প্রাঃ বিদ্যালয়), কলসী দিঘী রোডের পশ্চিমে ঈদগা মাঠ। ৩৯নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড-লেবার কলোনী মাঠ, দক্ষিণ হালিশহর প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ হালিশহর উচ্চ বিদ্যালয়, আহমদিয়া স্কুল মাঠ, ব্যারিষ্টার কলেজ মাঠ, ইসমাইল সুকানী সরকারী প্রাথমিক বিদ্যালয়, কাঠাখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়, ফকির মোহাম্মদ সওদাগরের মাঠ, টিসিবি ভবন, হাসপাতাল গেইট হতে সিমেন্ট ক্রসিং। ৪০নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড-পতেঙ্গাঁ উচ্চ বিদ্যালয়, হাউজিং কলোনীর মাঠ, রিফাইনারীর সামনে, পশ্চিম মুসলিমাবাদ বেড়ী বাঁধ। ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড-১৪নং লালদিয়ার চর, চর বসিন্ত ও বিজয় নগর, ভি.আই.পি. রোড (নুরীয়া পাড়া, দক্ষিণ পাড়া-প,র্ব, মধ্যম পাড়া, দক্ষিণ পাড়া-পশ্চিম), ডিনাইন রোড, ফুলছড়ি পাগা, ডিরাইন রোড এলাকা ও নাজির পাড়া, ছড়িহালদা, চরপাড়া, জেইলরোড, মাইজপাড়া (চৌধুরীপাড়া. মাইজপাড়া-প,র্ব, মাইজপাড়া-পশ্চিম)।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত
অবৈধভাবে পশু বিক্রির দায় ও স্বাস্থ্যবিধি অনুসরণ না করায়
গরু ব্যবসায়ী ও ইজারদারকে ২৬ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শনিবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর পাঁচলাইশ থানার খতিবের হাট, শুলকবহর এশিয়ান হাইওয়ে, মোহাম্মদপুর ও আতুরার ডিপু এলাকায় অবৈধভাবে কোরবানীর পশু বিক্রির বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। এই সময় অবৈধভাবে খাইন বানিয়ে পশু বিক্রির দায়ে খাইন মালিকের বিরুদ্ধে ০৪টি মামলা রুজু পূর্বক ১৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে পার্শ্ববর্তী নির্ধারিত কোরবানীর হাটে পশুগুলি নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একই অভিযানে করোনাভাইরাস প্রতিরোধকল্পে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরন না করায় ০২টি মামলা রুজু পূর্বক বিবিরহাট গরুর বাজারের ইজাদারকে ১০ হাজার টাকাসহ ২৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে ম্যাজিস্টেট পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনাও প্রদান করে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্য বৃন্দ।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩